

দলীপ ফাইনালে ঈশানের সেঞ্চুরি আকর্ষণের কেন্দ্রে সূর্যবংশী

এই সময়: দলীপ ট্রফি ফাইনালের প্রথম দিনই চালকের আসনে পূর্বাঞ্চল। দক্ষিণাঞ্চলের বিরুদ্ধে রবিবার দিনের শেষে পূর্বাঞ্চলের প্রথম ইনিংসের স্কোর ৩৮৫-৪। সৌজন্যে টিমের ক্যাপ্টেন ঈশান কিষান (১১১ নট আউট)। ওপেন করতে নেমে বাংলার অভিমন্যু ঈশ্বরন ৭২ ও তিনে নামা ঝাড়খণ্ডের শিখর মোহন ৮৫ রানের ইনিংস খেলেন। বাংলার আর এক ব্যাটার সুদীর ঘরামি (৬) রান পাননি। ঈশানের সঙ্গে ক্রিজে আছেন ঝাড়খণ্ডের কুমার কুশাথ্র (৬৩)। তিলক ভামরী নেতৃত্বাধীন দক্ষিণাঞ্চলের সফল বোলার চামা মিলিন্দ (২-৫৬)। চেম্বাইয়ে অনুষ্ঠিত ফাইনাল ম্যাচে আকর্ষণের কেন্দ্রে ছিলেন পূর্বাঞ্চলের ভাইস ক্যাপ্টেন ১৫ বছর বয়সি বৈভব সূর্যবংশীকে। ম্যাচ শুরুর আধঘণ্টা আগেই চিপকের গ্যালারিতে প্রায় ১২ হাজার দর্শক। বৈভবের ব্যাটিং দেখার আশ্রয়ে সকাল সকাল হাজির চেম্বাইয়ের ক্রিকেট ভক্তরা। ম্যাচে চেনা ঝোড়ো মেজাজে ৩৭ বলে ৪৪ রানের ইনিংস খেলেন বৈভব। মহম্মদ সিরাজের (০-৯৬) বিরুদ্ধে তাঁর আত্মসী ব্যাটিং উপভোগ করেছেন দর্শকরা।

দলীপ ফাইনালে নিজের শততম প্রথম শ্রেণির ম্যাচ খেলছেন মহম্মদ সামি। তাঁর সঙ্গে দক্ষিণাঞ্চলের ফর্মে থাকা ব্যাটার দেবদত্ত পাড়িকালের ডুয়েল জমতে পারে বলে মনে করছে ভারতীয় ক্রিকেট মহল।



সেঞ্চুরির
পরে
ঈশান